গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার. ঢাকা-১২১৫।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৭৪.১৯-২৮৪ তারিখ: ২৪/০৭/২০১৯ ইং।

ব্যবস্থাপনা পরিচালক
সি কে এল স্পিনিং মিলস লিমিটেড,
অফিস: ইউনিক ট্রেড সেন্টার, লেভেল-২০, সড়ক নং-৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
কারখানা: ধামশুর, ভালুকা, ময়মনসিংহ-২২৪০।

বিষয়: কারখানার অনুকূলে অনাপত্তি পত্র প্রদান প্রসংগে।
সূত্র: আপনাদের ১৯/০৬/২০১৯ ইং তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার আবেদনের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরে একটি নথি খোলা হয়েছে যার নথি নম্বর-২৪.০২.০০০০.০০৫.১৮.০৭৪.১৯। আপনার প্রস্তাবিত বস্ত্রশিল্প সি কে এল স্পিনিং মিলস লিমিটেড, অফিস: ইউনিক ট্রেড সেন্টার, লেভেল-২০, সড়ক নং-৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা-১২১৫ এবং কারখানা: ধামশুর, ভালুকা, ময়মনসিংহ-২২৪০ শিল্প উপখাত: "টেক্সটাইল স্পিনিং'' এর অনুকূলে বস্ত্র অধিদপ্তরে প্রস্তাবিত নিবন্ধন পত্রের জন্য আবেদন করেছেন।

এ ক্ষেত্রে উল্লেখ্য যে, ''বর্তমানে আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ৮(১৬)(ঈ) অনুচ্ছেদে বলা হয়েছে যে, নতুন শিল্প কারখানা স্থাপনের উদ্দেশ্যে ক্যাপিটাল মেশিনারী এবং প্রাথমিক যন্ত্রাংশ আমদানির জন্য আমদানি নিবন্ধন সনদ পত্র (আই,আর,সি) ছাড়াই এল,সি খোলা যাইবে। এইরূপ ক্ষেত্রে প্রধান নিয়ন্ত্রকের নিকট হইতে আই,আর,সি অব্যাহতিপত্র গ্রহণের প্রয়োজন হইবে না। অবাধ সেক্টরভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে নগদ বৈদেশিক মুদ্রায় ক্যাপিটাল মেশিনারী ও যন্ত্রাংশ আমদানির জন্য পোষকের কোন আনুষ্ঠানিক অনুমোদন পত্রের প্রয়োজন হইবে না''।

এছাড়া, কারখানাটির অনুকূলে প্রস্তাবিত রেজিষ্ট্রেশন (নিবন্ধন) করতে হলে কারখানাটির অনুকূলে প্রতিষ্ঠানের প্যাডে আবেদন, নির্ধারিত ফরমে আবেদন দাখিল (ওয়ান স্টপ সার্ভিস এর ডেস্ক থেকে ফ্রি দেওয়া হয় অথবা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে), কারখানার নামে টি আই এন সনদের (হালনাগাদ) কপি, লিমিটেড কোম্পানী হলে ইনকর্পোরেশন সার্টিফিকেটসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন/অংশীদারি প্রতিষ্ঠান হলে অংশীদারি চুক্তিপত্র এর সত্যায়িত কপি, কারখানা ভবনের মালিকানা সম্পর্কিত দলিলের/ভাড়াকৃত হলে ভাড়ার চুক্তিনামা, শিল্প উদ্যোক্তাদের নাম, ঠিকানা, পদবি ও জাতীয়তার বিবরণ কারখানার লেটার হেড প্যাডে, ভবনের উপযুক্ততার সনদ/লোড বিয়ারিং সনদ, ট্রেড লাইসেন্স (ভবনের ঠিকানা উল্লেখসহ), ব্যাংক সলভেন্সী এর কপি। উল্লেখ্য যে, ফায়ার লাইসেন্স ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র উৎপাদন শুরুর পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিজ উদ্দ্যোগে সংগ্রহ করবেন এবং উহার অনুলিপি এ কার্যালয়ে দাখিল করবেন। জারীকৃত পত্রটি বস্ত্র অধিদপ্তরের ওয়েবসাইট www.dot.gov.bd এ পাওয়া যাবে।

ধন্যবাদান্তে-

২৪/৭/১৯

(মো: মাহফুজুর রহমান)
সহকারী-পরিচালক (কারিগরি)
মহাপরিচালক বস্ত্র অধিদপ্তরের পক্ষে।
ফোন: ০২-৫৫০১৩৬২৪।